কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী ফুটবল টুর্নামেন্ট শুভ উদ্বোধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী আন্তঃইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে জেলা ক্রীড়া সংস্থা ও উপজেলা ক্রীড়া সংস্থা কোটচাঁদপুরের আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ খেলার শুভ উদ্বোধন করা হয়। খেলায় ৫ -০ গোলে জয়লাভ করেন বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ। জানা যায়, উদ্বোধনি খেলায় অংশ গ্রহণ করে সাফদারপুর ইউনিয়ন ফুটবল একাদশ ও বলুহর ইউনিয়ন ফুটবল একাদশের মধ্যে।

খেলাটি শুরু হয় বিকাল ৫ টায় কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে।

খেলার প্রথমঅর্ধে তুমুল লড়াই হয় দুই দলের মধ্যে। প্রথম অর্ধে ২ গোলের দেখা পাই বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ ।

বিরতির পর দুই দল মাঠে নামেন আবারও মনোবল নিয়ে। লড়াইও করেন গোলের জন্য। দ্বিতীয় অর্ধেও ৩ গোলের দেখা পায় বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ । আর ওই ৩ গোল দিয়েই শেষ হয় খেলা। সেই সুবাদে ৫-০ গোলে জয়লাভ করেন বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

এ সময় বিশেষ অতিথি উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, মডেল থানার অফিসার ইনর্চাজ মঈন উদ্দিন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মাধ্যমিক

শিক্ষা অফিসার অশোক সরকার, কৃষি অফিসার রাজিবুল হাসান, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, প্রাথমিক শিক্ষা অফিসার অশিত বরণ পাল, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান প্রমুখ। খেলাটি পরিচালনা করেন রুস্তম কবির,সহকারী পরিচালক ছিলেন মাহফুজ আহম্মেদ লিখন, কাজী সোহেল ও হামিদুর রহমান।

ঝিনাইদহের শৈলকুপায় শোবার ঘরে মিলল গোখরা সাপের ২০ বাচ্চা

ঝিনাইদহের শৈলকুপায় চায়ের দোকানদার মুকুল হোসেনের শোবার ঘর থেকে গোখরা সাপের ২০টি জ্যান্ত বাচ্চা উদ্ধার করা হয়েছে।

সোমবার (৩ জুলাই) সকালে শৈলকুপা পৌরসভার মালিপাড়া থেকে মাটি খুঁড়ে একে একে সাপের বাচ্চাগুলো বের করে আনা হয়।

স্থানীয় ব্যক্তি চঞ্চল মাহমুদ জানান, খবর পেয়ে মুকুল হোসেনের বাড়িতে যাই। গিয়ে দেখি, মুকুলের টিন দিয়ে বানানো ও মেঝে মাটি দিয়ে তৈরি ঘর খনন চলছে। আর একে একে বের হচ্চে জ্যান্ত সব সাপের বাচ্চা।

চা দোকানি মুকুল হোসেন জানান, বেশ কয়েকদিন ধরে মাঝে-মধ্যে বাড়ির মেয়েরা সাপের বাচ্চা দেখতে পায়। এখানে সেখানে কিল-বিল করে বেড়ায় বাচ্চাগুলো। আবার খুব দ্রুতই কোথায় যেন হারিয়ে যায়। পর পর কয়েকবার এমন ঘটনা ঘটলে আমাদের সন্দেহ হয়। এরপর আজ সকালে থেকেই ঘরের দুই পাশের টিন খুলে মাটির মেঝে খুড়তে শুরু করি। একপর্যায়ে সাপের বাচ্চা বের হতে থাকে। তারপর শেষ পর্যন্ত ২০টি জ্যান্ত বাচ্চা পাওয়া যায়। তবে বড় কোনো সাপ পাওয়া যায়নি। এগুলোকে একটি প্লাস্টিকের বয়মে ভরে রাখা হয়েছে। পরে এলাকার ওঝা চিত্ত দাশকে খবর দেওয়া হয়। তিনি এসে জানান, এগুলো গোখরা সাপের বাচ্চা। যা খুবই বিষধর সাপ।

ওঝা চিত্ত দাশ জানান, এগুলো গোখরো সাপের বাচ্চা। বয়স কমপক্ষে ১০ দিনের মতো হবে। এগুলো আমরা এখন নিয়ে যাবো। তবে যেহেতু এদের মাকে পাওয়া যায়নি এবং বাচ্চাগুলোও খুব ছোট সেকারণে বেশিরভাগই মারা যাওয়ার সম্ভাবনা রয়েছে। কয়েকটা বাচ্চা বেশ বড় এরা বাঁচতে পারে। তবে মানুষের নিরাপত্তার স্বার্থে এগুলো যেখানে সেখানে ছাড়া যাবে না। আর আমাদের এখানে এদের ছেড়ে দেওয়ার মতো কোনো জায়গাও নেই।

ঝিনাইদহে পাটক্ষেত থেকে গলাকাটা লাশ উদ্ধার

ঝিনাইদহে পাটক্ষেত থেকে অজ্ঞাত (৩০) এক যুবকের গলাকাটা মরদেহ উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

সোমবার (৩ জুলাই) সকাল ১১টার সময় সদর উপজেলার আড়ুয়াকান্দি এলাকার রবি মিয়ার পাটক্ষেত থেকে মরদেহটি উদ্ধার করে পুলিশ। এ রিপোর্ট লেখা পর্যন্ত নিহতের নাম পরিচয় মেলেনি।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান বলেন, অজ্ঞাত এক ব্যক্তির গলাকাটা মরদেহ পড়ে থাকতে দেখে এলাকাবাসী পুলিশকে খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থল থেকে কালো রঙের গেঞ্জি ও জিন্সের ফুলপ্যান্ট পরিহিত ব্যক্তির গলাকাটা মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

তিনি আরও জানান, প্রাথমিকভাবে এটি হত্যাকাণ্ড হিসেবে ধারণা করা হচ্ছে। নিহতের নাম পরিচয় জানার চেষ্টা চলছে। ময়নাতদন্তের পর বিস্তারিত জানা যাবে। লাশটি আনুমানিক দুই তিন দিনের আগের হতে পারে। এ ঘটনার সাথে জড়িতদের শনাক্ত করতেও কাজ শুরু হয়েছে।

ঝিনাইদহে মাস ব্যাপি শিশু বিনোদন ও আনন্দ মেলার উদ্বোধন

ঝিনাইদহে মাস ব্যাপি শিশু বিনোদন ও আনন্দ মেলার উদ্বোধন করা হয়েছে। আজ শুক্রবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান এর সভাপতিত্বে শহরের পানি উন্নয়ন বোর্ড মাঠে এ মেলার উদ্বোধন করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই।

সেসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্র নাথ রায়, বগুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল, প্রেসক্লাবের সহ-সভাপতি ফয়সাল আহমেদ, সহ-সাধারণ সম্পাদক কে এম সালেহ সহ প্রেসক্লাবের নেতৃবৃন্দ ও সদস্য বৃন্দ।

ঝিনাইদহ প্রেসক্লাবের আয়োজনে এ মেলার উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু।

সৌদি আরবের সাথে মিল রেখে হরিণাকুণ্ডুতে ঈদুল আযহার নামাজ আদায়

সৌদি আরবের সাথে মিল রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পৃথক তিনটি স্থানে পবিত্র ঈদুল আযহার নামাজ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৮জুন) সকাল আটটায় উপজেলার পৌর এলাকায় চটকাবাড়িয়া গ্রামের জামে মসজিদে, নিত্যানন্দপুর গ্রামের মসজিদে এবং ভালকী গ্রামের মসজিদে প্রায় একই সময়ে ঈদের জামাত অনুষ্ঠিত হয়েছে।

চটকাবাড়িয়া গ্রামে অনুষ্ঠিত ঈদের নামাজের ঈমাম, মাওলানা রেজাউল ইসলাম জানান, বৃষ্টির জন্য নামাজ দেরিতে পড়তে হয়েছে, তিনি আরও বলেন পবিত্র সৌদি আরবের সাথে আমাদের নামাজ আদায় করা উচিৎ, কারণ তাদের আমরা অনুসরণ করি এটা সবারই করা দরকার। চটকাবাড়িয়া মসজিদের এই জামাতে প্রায় শতাধিক মুসল্লী অংশগ্রহণ করেন।

এছাড়া উপজেলার ভালকী ও নিত্যানন্দপুর গ্রামেও প্রায় শতাধিক মুসল্লীর অংশগ্রহণে ঈদুল আযহা’র নামজ অনুষ্ঠিত হয়েছে।

নামাজের পর উপজেলার প্রায় তিনশত পরিবার পশু কোরবানি করেছেন। উল্লেখ, বিগত বেশ কয়েক বছর ধরে তারা সৌদি আরবের সাথে মিল রেখে পবিত্র ঈদুল ফিতর ও ঈদুল আযহা উদযাপন করে আসছে।

কোটচাঁদপুরে মাইকিং করে বিদ্যুৎ বিল আদায়

মটর সাইকেলের হাতলে ঝোলানো বিদ্যুৎ বিল আদায়ের সরঞ্জাম। পিছনে হ্যান্ড মাইক নিয়ে বসা স্থানীয় এক সহযোগী। গ্রামের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে বিদ্যুৎ বিল আদায় লক্ষ্যে মাইকিং করে চলেছেন তারা। এ দৃশ্য দেখা যায় কোটচাঁদপুরের বিভিন্ন গ্রামে। শতভাগ আদায়ের লক্ষ্যে এ ব্যবস্থা নেয়া বললেন সাব- জোন অফিসের এজিএমকম শরিফুল ইসলাম।

জানা যায়,কোটচাঁদপুর সাব- জোন অফিসের আওতায় ৩২ হাজার ৯ শ ৯৮ জন গ্রাহক রয়েছে। প্রতি মাসে অফিসটি বিক্রি করেন,১ কোটি ৫০ লাখ টাকার বিদ্যুৎ। জুন মাসে বকেয়া বিল ছিল ২ কোটি ৫০ লাখ টাকা। আর বকেয়া বিল তুলতে ও লক্ষ্য মাত্রা পূরন করতে এ পথে হাটছেন অফিসটি।

জুন মাস পড়লে লক্ষ্য মাত্রা বেধে দেয়া হয় বকেয়া বিল আদায়ের। এরপর চলে বকেয়া বিল আদায়ের পরিকল্পনা। সে অনুযায়ী এ কাজ করা।

কোটচাঁদপুর সাব জোন অফিসের লাইন টেকনিশিয়ান খাইরুল আলম বলেন,বিদ্যুৎ বিল আদায়ের জন্য মাইকিং করা হচ্ছে। এতে করে

গ্রাহকরা সজাগ হয়ে যান। তারা বিল দিতে চলে আসেন। এ পথে বিল আদায়ের পরিমান ও ভাল হচ্ছে।

তিনি বলেন, সকালে এসে এ গ্রামের একজন হ্যান্ড মাইক হাতে দিয়ে সারা গ্রাম মাইকিং করা হয়েছে। বলা হয়েছে বিল নেয়ার স্থানের নাম। একটু পর থেকে বিল আদায় শুরু করা হবে। এদিকে বাড়িতে বসে বিল দিতে পারায় খুশি গ্রাহকরাও।

ইকড়া গ্রামের গ্রাহক জিয়াউল ইসলাম ও শাহিন আলম বলেন,ব্যাংকে বিল দিতে গেলে সময় অপচয়।এরপর বাড়তি খরচ হয়, লাইনে দাড়াতে হয়।

বাড়ি থেকে বিল দিতে পারায় এ ধরনের ঝামেলা নাই। আবার বাড়তি কোন খরচও হয় না। এমন ব্যবস্থা প্রতি মাসে হলে ভাল হত। তাহলে বিল বকেয়া পড়তো না। গ্রাহকরা সারা বছর ব্যবস্থা চালু করার দাবী ও করেন সংশ্লিষ্টদের নিকট।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় কোটচাঁদপুর সাব জোনাল অফিসের এজিএমকম শরিফুল ইসলাম বলেন,জুন মাস পড়লে একটা লক্ষ্য মাত্রা দেয়া হয়। আর সেটি পূরন করতে নেয়া হয় এ ব্যবস্থা। জুন মাস পড়ার উপজেলার সর্বত্র মাইকিং করা হয়।

এর যেদিন যে এলাকায় বিল আদায়ে যান,তারা সেদিন সেই এলাকায় হান্ড মাইকিং নিয়ে গিয়ে বলা হয় বিল দিয়ে যাওয়ার কথা।

এতে করে গ্রাহকরা সজাগ হন বিল দেয়ার ব্যাপারে। আর এভাবে বিল আদায়ে শতভাগ আদায় করাও সম্ভব হয়। অন্যদিকে গ্রাহকদের বিল দেয়ার বাড়তি চাপ থাকে না জুন মাসে। কারন অন্য সব মাসে সময় অপচয় করে ব্যাংকে যেতে হত,এ মাসে যাওয়া লাগে না।

তিনি বলেন, এ অফিসে যোগদানের পর থেকে আমি এ ব্যবস্থায় বিল আদায় করে থাকি জুন মাস পড়লে।এতে বিল শতভাগ আদায় ও হয়। বিল আদায়ে অন্য সব অফিসের তুলনায় আমি এগিয়ে রয়েছি।এ বছরও তাঁর ব্যতয় ঘটবে না বলে আশা করছি।

ঝিনাইদহে লেডিস ক্লাবের পক্ষ থেকে ঈদ সামগ্রী বিতরণ

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহে অসহায় দুস্থদের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে শহরের পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে লেডিস ক্লাবের পক্ষ থেকে এ ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও লেডিস ক্লাবের সাধারণ সম্পাদক সাদিয়া জেরিন’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন লেডিস ক্লাবের সভাপতি ও জেলা প্রশাসক পত্নী শারমিন আক্তার।

বিশেষ অতিথি ছিলেন লেডিস ক্লাবের সহ-সভাপতি পুলিশ সুপার পত্নী জিনিয়া রহমান, সামন্তী পাল, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম, সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমি, নির্বাহী ম্যাজিস্ট্রেট লায়লা ইয়াসমিন।

সেসময় শহরের বিভিন্ন এলাকার ২০০ অসহায় দুস্থ নারী ও পুরুষদের মাঝে সেমাই, চিনি, গুড়োদুধ, তেল, পোলাও চালসহ বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। ঈদ সামগ্রী পেয়ে খুশি হতদরিদ্র মানুষগুলো।

হরিণাকুণ্ডু পৌরসভার উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩৯ কোটি ২৫ লাখ ২৭ হাজার ৮১২ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। বাজেটে রাজস্ব খাত থেকে আয় ধরা হয়েছে ৩ কোটি ৪৭ লাখ ৭৬ হাজার ২’শ ৪০ টাকা। উন্নয়ন খাত থেকে আয় ধরা হয়েছে ৩৫ কোটি ৭৭ লাখ ৭১ হাজার ৫’শ৭২ টাকা। গত অর্থ বছরের চেয়ে প্রায় পাঁচ কোটি টাকা বেশি আয় ও ব্যয় ধরা হয়েছে এই বাজেটে।

গতকাল রবিবার সকালে পৌরসভা কার্যালয়ে উন্মুক্ত বাজেট আলোচনা

শেষে এই বাজেট ঘোষণা করেন পৌরসভার মেয়র ফারুক হোসেন। বজেট আলোচনা সভায় প্রধান আতিথি হিসেবে হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন এবং বিশেষ অতিথি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার সুস্মিতা সাহা বক্তব্য দেন।

এ সময় আরও বক্তব্য দেন সাবেক সেনা কর্মকর্তা আব্দুর রাজ্জাক, প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ) রাশেদ আলী খান, পৌর আ‘লীগের সভাপতি খাইরুল ইসলাম, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রাফেদুল হক সুমন, ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাজমুল হুসাইন প্রমূখ।

পৌরসভা প্রতিষ্ঠার পর এটিই সবচেয়ে বড় অংকের বাজেট হওয়ায় বক্তারা এর সফল বাস্তবায়নের ওপর আলোকপাত করে বাস্তবায়নের জন্য মেয়রসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহব্বান জানান।

কোটচাঁদপুরে দরবেশ মাস্টার ফান্ডেশনের শিক্ষা বৃত্তি প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুর বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের গরীব মেধাবি শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি দিয়েছেন,দরবেশ মাস্টার স্কলারশিপ ফান্ডেশন। আজ বৃহস্পতিবার দুপুরে এ বৃত্তি দেয়া হয় শিক্ষার্থীদের।

জানা যায়, প্রতি বছরের ন্যায় ঝিনাইদহের কোটচাঁদপুর বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের গরীব মেধাবি শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি দিয়েছেন,দরবেশ মাস্টার স্কলারশিপ ফান্ডেশন।

এ বছর বিদ্যালয়ের ১৯ জন শিক্ষার্থীর মধ্যে বৃত্তি প্রদান করেন ফাউন্ডেশন। বৃত্তি প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহাক আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য মোমেন আল আরাফাত।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য মঈন উদ্দিন খান, সাইফুর রহমান ও মফিজুল ইসলাম। এ ছাড়াও উপস্থিত ছিলেন শিক্ষক শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক এস, এম হুমায়ুন কবির।

ঝিনাইদহে শিশু ধর্ষণ চেষ্টা মামলার পলাতক আসামী গ্রেপ্তার

ঝিনাইদহে চাঞ্চল্যকর চার বছরের শিশু ধর্ষণ চেষ্টা মামলার আসামি মোঃ সাহেব আলী (৫০) কে গ্রেপ্তার করেছে র্যাব।

আজ বৃহস্পতিবার র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, শিশু ধর্ষণ মামলার পলাতক আসামী ঝিনাইদহ জেলার সদর থানার পোড়াহাটি বাজার এলাকায় আত্মগোপন করে আছে। এমন সংবাদের ভিত্তিতে আভিযানিক দলটি রাত সাড়ে ১২টার দিকে উক্ত বাজার এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে মামলার প্রধান পলাতক আসামী মোঃ সাহেব আলী (৫০)কে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত আসামী প্রাথমিক জিজ্ঞাসাবাদে উক্ত ঘটনার সাথে তার সম্পৃক্ততার কথা স্বীকার করেন।

উল্লেখ, গত ২১ জুন ২০২৩ ইং তারিখ শিশুটি বাড়ীর পাশে খেলা করা অবস্থায় মিষ্টি খেতে দেওয়ার কথা বলে আসামী নিজের ফাঁকা বসত বাড়ীতে ডেকে নেয়। পরবর্তীতে বিভিন্ন প্রলোভন ও ভয়ভীতি দেখিয়ে নিজ বসত ঘরের মধ্যে নিয়ে শিশু ভিকটিমকে ধর্ষণের চেষ্টা করে। অতপর ভিকটিমের ডাক চিৎকারে আশেপাশের লোকজন এগিয়ে এলে ধৃত আসামী দরজা খুলে পালিয়ে যায়।

বিষয়টি নিয়ে শিশুটির পিতা বাদী হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি ধর্ষণ মামলা দায়ের করে। ঘটনাটি জানতে পেরে র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল ছায়া তদন্ত শুরু করে এবং ধর্ষককারীকে গ্রেপ্তারের লক্ষ্যে অভিযান অব্যাহত রাখে।